



ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) : ঝড়ে লগুভঙ ফুলবাড়ীয়ায় তা'লীমুল মিল্লাত দাখিল মাদ্রাসার শিক্ষার্থীরা খোলা আকাশের নিচে পরীক্ষা দিচ্ছে

—ইত্তেফাক

ঝড়ে লগুভঙ মাদ্রাসা খোলা আকাশের নিচে চলছে পরীক্ষা

■ ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) সংবাদদাতা

ফুলবাড়ীয়ায় কালবৈশাখী ঝড়ে লগুভঙ আহিম তা'লীমুল মিল্লাত দাখিল মাদ্রাসার শিক্ষার্থীরা খোলা আকাশের নিচে পরীক্ষা দিচ্ছে। গত সোমবার সকালে খোলা আকাশের নিচে এভাবেই অর্ধ-বার্ষিক পরীক্ষা দিতে দেখা যায় মাদ্রাসাটির ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের। শনিবার রাতের বয়ে যাওয়া কালবৈশাখী ঝড় ও শিলাবৃষ্টিতে তা'লীমুল মিল্লাত দাখিল একটি টিনসেড ভবন উপড়ে পড়ে যায়। এ সময় ঝড়ে গুরুত্বপূর্ণ কাগজপত্র, বেঞ্চ, অফিসের বই-খাতাসহ বিভিন্ন মালামাল ক্ষতিগ্রস্ত হয়েছে। ফলে অন্যান্য শ্রেণিকক্ষে শিক্ষার্থীরা গানাগানি করে পরীক্ষা দিলেও স্থান সংকুলান না হওয়ায় মাঠের খোলা আকাশের নিচেই কোরআন বিষয়ে পরীক্ষা দেয়। মাদ্রাসা সুপার মাওলানা আব্দুল হক জানান, আহিম তা'লীমুল মিল্লাত দাখিল মাদ্রাসার শিক্ষকরা ১২৬ শতাংশ জমি ক্রয় করে ১৯৯০ সালে মাদ্রাসাটি প্রতিষ্ঠা করে। যা ২০০০ সালে এমপিওভুক্ত হয়। এখনও পর্যন্ত সরকারি কোনো অনুদান না পাওয়ায় শিক্ষার্থীদের পরীক্ষার ফি ও বেতন দিয়েই মাদ্রাসাটির অবকাঠামো উন্নয়ন পরিচালিত হয়ে আসছে। মাদ্রাসায় শিক্ষার্থী ৪ শতাধিক। এ ভবনটিতেই ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের পাঠদান করা হত। ভবনটি তখনই হয়ে যাওয়ায় শিক্ষার্থীদের খোলা আকাশের নিচেই পরীক্ষা নিতে হয়েছে। ভবনটি পুনর্নির্মাণ ও মাদ্রাসার অবকাঠামো উন্নয়নে সরকারের সুদৃষ্টি কামনা করেন তিনি।